# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**15-04-2026** **Time: 1.40 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বাংলা পয়লা বৈশাখে বিকশিত পশ্চিমবঙ্গ গড়ে তোলার ডাক দিয়েছেন।

২) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নববর্ষের শুভেচ্ছা জানিয়ে আজ ফের একবার কেন্দ্রীয় বঞ্চনার বিরুদ্ধে সরব হয়েছেন।

৩) বিপুল উৎসাহ উদ্দীপনায়, আজ পয়লা বৈশাখে ১৪৩৩ বঙ্গাব্দে পদার্পণ করেছে গোটা বাংলা।

৪) বিধানসভা নির্বাচনের জন্য রাজ্যে প্রচারাভিযান তুঙ্গে। স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ সংবিধান মেনে গোর্খা সমস্যার সমাধান করা হবে বলে জানিয়েছেন।

রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রথম দফা ভোটের জন্য মোট ২ হাজার ৪০৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হচ্ছে।

৫) সুপ্রিম কোর্টে রাজ্য সরকারি কর্মীদের ডিএ মালার শুনানি ৬ই মে পর্যন্ত পিছিয়ে গেছে।

৬) বৈশাখের শুরুতেই দক্ষিণবঙ্গের সর্বত্রই গরম ও অস্বস্তিকর পরিস্থিতি।

---

বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বাংলা পয়লা বৈশাখে বিকশিত পশ্চিমবঙ্গ গড়ে তোলার ডাক দিয়েছেন। রাজ্যবাসীর উদ্দেশ্যে লেখা এক খোলা চিঠিতে তিনি রাজ্যবাসীকে নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বাংলায় নবজাগরণের সংকল্প গ্রহণের আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, গত ১৫ বছরে রাজ্যের মানুষ অপশাসন, বিশৃঙ্খলা এবং দুর্নীতির শিকার হয়েছেন। চরম আঘাত নেমেছে, সাধারন মানুষের মৌলিক অধিকার, সম্মান এবং রাজ্যের সংস্কৃতির ওপর। বর্তমান রাজ্য সরকার যে ভয়ের পরিবেশ তৈরি করেছে, তার ফলে মহিলাদের নিরাপত্তা, যুব সমাজের কর্মসংস্থান এবং দরিদ্র মানুষের অধিকার ক্ষুন্ন হয়েছে। তিনি বলেন, পশ্চিমবঙ্গ সর্বদা দেশকে তথা সমাজকে নতুন দিশা দেখিয়েছে। তাই বিকশিত পশ্চিমবঙ্গ গড়ে উঠলে প্রত্যেক দরিদ্র মানুষের মাথার ওপর ছাদ, খাদ্য, মহিলাদের নিরাপত্তা সুনিশ্চিত করা সম্ভব হবে।

পাশাপাশি যুবসমাজকে কর্মসংস্থানের খোঁজে ভিন রাজ্যে যেতে হবে না। রাজ্যে বিজেপি সরকার ক্ষমতায় এলে পশ্চিমবঙ্গ সমগ্র দেশের সঙ্গে সমান্তরালভাবে উন্নয়নের পথে এগিয়ে যাবে এবং ইতিহাসের পুনরাবৃত্তি ঘটিয়ে বিকশিত ভারতের পথপ্রদর্শক হয়ে উঠবে বলেও তিনি উল্লেখ করেন। প্রধানমন্ত্রীর বলেন, এবারের বিধানসভা নির্বাচন শুধুমাত্র একটি সাধারণ নির্বাচন নয়, পশ্চিমবঙ্গের ভবিষ্যৎ নির্ধারণ এবং প্রকৃত পরিবর্তন আনার সুবর্ণ সুযোগ। এই লড়াই মূলত ভয় বনাম ভরসার লড়াই। তাই গণতন্ত্রের এই উৎসবে ভয়মুক্ত হয়ে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ এবং বিকশিত পশ্চিমবঙ্গের স্বপ্ন সফল করার জন্য প্রধানমন্ত্রী রাজ্যবাসীর কাছে আবেদন জানিয়েছেন।

---

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নববর্ষের শুভেচ্ছা জানিয়ে আজ ফের একবার কেন্দ্রীয় বঞ্চনার বিরুদ্ধে সরব হয়েছেন। সকালে এক ভিডিও বার্তায় তিনি অভিযোগ করেন, কেন্দ্রীয় এজেন্সি দিয়ে বাংলার ওপর অত্যাচার করা হচ্ছে। এর বিরুদ্ধে বদলা নিতে গণতন্ত্রের উৎসবের সামিল হওয়ার আহ্বান জানান তিনি।

বাইট

-----------------------

নববর্ষের শুভেচ্ছা জানিয়েছেন স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন বাংলা নববর্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক্স হ্যান্ডেলে নীতিন নবীন বলেন,বাংলা নববর্ষের এই শুভ মুহূর্ত সবার মনে এক নতুন আশা এবং আকাঙ্ক্ষার সঞ্চার করে। বাংলার সুমহান ঐতিহ্য ও সাংস্কৃতিক অহংকারের এই উৎসব আজ সবাইকে এক নতুন ভবিষ্যতের দিকে এগিয়ে যেতে অনুপ্রাণিত করে,যেখানে প্রতিটি পরিবারের জন্য সুনিশ্চিত হবে সার্বিক উন্নয়ন,সুশাসন এবং মাথা উঁচু করে বাঁচার আত্মমর্যাদা।

এদিকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এক্স হ্যান্ডেলে নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বলেন,নতুন বছরে নতুন স্বপ্ন, আশা,বাংলা ও বাঙালির গর্বের পথচলা আরও দৃঢ় হোক।

-----------------------

বিপুল উৎসাহ উদ্দীপনা পুজো উপাচার ও ঐতিহ্যবাহী রীতিনীতিকে সঙ্গে নিয়েই ১৪৩৩ বঙ্গাব্দে পদার্পণ করেছে গোটা বাংলা। নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে আবাহন করা

হচ্ছে শুভ নববর্ষকে। জীর্ণ-পুরাতনকে বিদায় জানিয়ে নতুন উদ্যমে নবারম্ভের মন্ত্রে সূচিত হচ্ছে আজ পয়লা বৈশাখ। রাজ্যের নানা প্রান্তে সকালে প্রভাত ফেরি, শোভাযাত্রা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। নতুন বস্ত্র পরে বর্ষবরণে সামিল কচিকাচারা। ধুতি পাঞ্জবী, লাল পাড় শাড়ি পড়ে হালখাতা চলছে দোকানে দোকানে। সিদ্ধিদাতা গণেশ ও লক্ষ্মীর আরাধনায় সকাল থেকেই ব্যস্ততা তুঙ্গে। দক্ষিনেশ্বর, কালীঘাট সহ বিভিন্ন মন্দিরে সকাল থেকেই হালখাতার পুজো দিতে লম্বা লাইন। রকমারি মিষ্টির পসরা সাজিয়ে বসেছেন দোকানিরা। সোনার গয়নার দোকানগুলিতেও কেনাকাটার ওপর বিশেষ ছাড় দেওয়া হচ্ছে গ্রাহকদের। দুপুর গড়াতেই ভীড় জমেছে বাঙালী রেস্তোঁরা গুলিতে।

একটি প্রতিবেদন

এদিকে, প্রতি বছরের মতো এবারও পয়লা বৈশাখের সকালে কলকাতা ময়দানে মোহনবাগান, ইটবেঙ্গল সহ বিভিন্ন ক্লাবের মাঠে বার পূজার আয়োজন করা হয়। ফুটবল দলের সাফল্য কামনায় দীর্ঘ দিনধরেই বার পুজো করা হয়ে থাকে। প্রাক্তন ও বর্তমান ফুটবলার ছাড়াও দলের সমর্থকরা সেখানে উপস্থিত ছিলেন ।

পয়লা বৈশাখ উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন রাজ্যপাল আর এন রবি এবং মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

----------------------

ট্রামের হাত ধরে নতুন বছরকে স্বাগত জানাতে বৈশাখী ট্রামযাত্রার আয়োজন করছেন শহরের ট্রামপ্রেমীরা। বিলুপ্তির পথে যেতে বসা দূষণহীন এই যানকে আধুনিক গণপরিবহনের গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে পুনরুজ্জীবনের দাবিতেই এই উদ্যোগ। এই

বৈশাখী ট্রামযাত্রায় গড়িয়াহাট থেকে ধর্মতলা হয়ে শ্যামবাজার পর্যন্ত সুসজ্জিত তিনটি ট্রাম চলবে। এর মধ্যে রয়েছে ১৯৪০ সালে কাঠের তৈরি একটি ট্রামও।

কলকাতা ট্রাম ইউজার্স অ্যাসোসিয়েশনের তরফে মহাদেব শী বলেন, মাত্র দুটি রুটে নিয়ম রক্ষায় ট্রাম চালাচ্ছে সরকার। সাম্প্রতিক সময়ে দূষণ ও জ্বালানি সমস্যার প্রেক্ষিতে বিদেশের মতো কলকাতাতেও ট্রামের পুনরুজ্জীবন জরুরি।

এই উপলক্ষ্যে এক অনুষ্ঠানে অংশ নেবেন কলকাতার শেরিফ ও চিত্র পরিচালক গৌতম ঘোষ, নাট্য ব্যক্তিত্ব রুদ্রপ্রসাদ সেনগুপ্ত, বাংলাদেশের চিত্র পরিচালক তনভির মোকাম্মেল সহ বিশিষ্ট ব্যক্তিরা।

----------------------

নববর্ষের দিনে দক্ষিণ ২৪ পরগনার জয়নগরের মোল্লাঘাঁটি এলাকায় এক পথ দুর্ঘটনায় দুই যুবকের মৃত্যু হয়েছে। অনুষ্ঠান সেরে বাড়ি ফেরার পথে বছর ৩৫-এর সুভাষ মন্ডল ও ২২ বছরের বিকি মন্ডল, রাস্তার ধারে দাঁড়িয়ে কথা বলছিলেন। সেই সময়ে বেপরোয়া গতির একটি সবজি বোঝাই গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে তাঁদের ধাক্কা মারে। গুরুতর জখম অবস্থায় হাসপাতালে নিয়ে যাওয়া হলে, সেখানেই তাঁদের মৃত্যু হয়।

এদিকে, বিকির মৃত্যু সংবাদ সহ্য করতে না পেরে তাঁর ঠাকুমা মলিনা মণ্ডল, হৃদরোগে আক্রান্ত হয়ে প্রাণ হারিয়েছেন। এরপরই ক্ষোভে ফেটে পড়েন এলাকাবাসী। গাড়ির চালককে গ্রেপ্তারের প্রতিবাদে সরব হন তাঁরা।

----------------------

বাংলা নববর্ষের সূচনা উপলক্ষে আজকের প্রসঙ্গের এবারের বিষয় “ইতিবৃত্তে বাংলা নববর্ষ।" প্রাবন্ধিক ও ইতিহাসের গবেষক পল্লব মুখোপাধ্যায়ের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী।

অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত সাড়ে ন’টায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা পরিষেবা ও আকাশবাণী সংবাদের সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

----------------------

পশ্চিমবঙ্গে প্রথম দফা বিধানসভা নির্বাচনের আর সপ্তাহখানেক বাকি। এইসময় ভোটদাতাদের মন জয়ে বিভিন্ন রাজনৈতিক দলগুলির প্রচারাভিযান গতি পেয়েছে।

বরিষ্ঠ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ আজ উত্তরবঙ্গে একাধিক জনসভায় যোগ দিচ্ছেন। দার্জিলিং শহরের লেবং গ্রাউন্ডে তাঁর সভার কথা থাকলেও খারাপ আবহাওয়র জন্য হেলিকপ্টার ওড়ার অনুমতি মেলেনি। সেই কারণেই তিনি চলে যান মালদায়। সেখান থেকে দার্জিলিংবাসীর জন্য ভিডিও কনফারেন্সে বক্তব্য রাখেন তিনি। আগামী বিধানসভা নির্বাচনে দলের জয়ের বিষয়ে প্রত্যয় ব্যক্ত করেছেন তিনি। সাংবিধানিক রূপরেখা মেনে গোর্খা সমস্যার সমাধান করা হবে বলেও শ্রী শাহ জানান।

(বাইট- অমিত শাহ)

সেখান থেকে তাঁর জলপাইগুড়ির রাজগঞ্জ, আলিপুরদুয়ারের ফালাকাটা এবং কোচবিহারের তুফানগঞ্জে আরো তিনটি জনসভায় যোগ দেওয়ার কথা।

প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী, বিজেপি নেতা অনুরাগ ঠাকুর, দমদমে দলীয় প্রার্থীদের সমর্থনে রোড শো করবেন। ইতমধ্যেই তিনি কলকাতায় পৌঁছেছেন। দমদম বিমান বন্দরে নেমে সাংবাদিকদের সামনে তিনি রাজ্যে শাসক দলের মদতে চলা দুর্নীতির বিরুদ্ধে ক্ষোভ উগড়ে দেন।

(বাইট- অনুরাগ ঠাকুর)

বিকেলে কলকাতার কাস্টমস ক্লাবে ক্রীড়া ব্যক্তিত্বদের সঙ্গে বৈঠকে যোগ দেবেন তিনি। অন্যদিকে, বিজেপি নেত্রী, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানি আজ হুগলিতে দলীয় প্রার্থীর সমর্থনে রোড শো করবেন। ভবানীপুর এবং কলেজ স্ট্রিটে আজ দলীয় প্রার্থীর সমর্থনে রোড শো-এ অংশ নেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ উত্তর দিনাজপুরের ইসলামপুরে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করছেন। শিলিগুড়ি এবং নাগরাকাটায় দুটি পদযাত্রাতেও অংশ নেবেন তিনি। তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধায়, দক্ষিণ ২৪ পরগনার পৈলানে জনসভা করবেন।

বামফ্রন্ট, কংগ্রেস সহ অন্য দলগুলিও আজ মিটিং মিছিল জনসভা ও রোড শো করবে।

দক্ষিণ ২৪ পরগণার ভাঙড়-এ রোড শো করছেন ISF প্রধান নৌশাদ সিদ্দিকি।

-----------------------

রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রথম দফা ভোটের জন্য মোট ২ হাজার ৪০৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হচ্ছে। বিশেষ নজর দেওয়া হচ্ছে, সংকটপ্রবণ জেলা ও বুথগুলিতে।

কমিশনের হিসাব অনুযায়ী, সবচেয়ে বেশি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন হচ্ছে মুর্শিদাবাদে। মুর্শিদাবাদ ও জঙ্গিপুর পুলিশ জেলা—এই দুই ভাগে মোট ৩১৬ কোম্পানি বাহিনী রাখা হচ্ছে। তার মধ্যে মুর্শিদাবাদ পুলিশ জেলাতেই রয়েছে ২৪০ কোম্পানি। ৭৬ কোম্পানি মোতায়েন করা হচ্ছে জঙ্গিপুরে ।

দ্বিতীয় স্থানে রয়েছে পূর্ব মেদিনীপুর। ওই জেলায় ২৭৩ কোম্পানি বাহিনী মোতায়েন করছে কমিশন। নন্দীগ্রাম-সহ একাধিক অশান্তিপ্রবণ কেন্দ্র থাকায় এই জেলায় বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। পশ্চিম মেদিনীপুরে মোতায়েন হচ্ছে ২৭১ কোম্পানি বাহিনী।

এছাড়া বাঁকুড়ায়-১৯৩, বীরভূমে-১৭৬, মালদহে-১৭২, পুরুলিয়ায়-১৫১ এবং কোচবিহারে ১৪৬ কোম্পানি বাহিনী রাখা হচ্ছে। জলপাইগুড়িতে-৯২, দক্ষিণ দিনাজপুরে-৮৩, আলিপুরদুয়ারে ৭৭, ঝাড়গ্রামে-৭৪, দার্জিলিঙে-৬১ এবং কালিম্পঙে-২১ কোম্পানি বাহিনী মোতায়েনের পরিকল্পনা রয়েছে।

উত্তর দিনাজপুর জেলাকেও ইসলামপুর ও রায়গঞ্জ— এই দুই পুলিশ জেলায় ভাগ করে মোট ১৩২ কোম্পানি বাহিনী রাখা হচ্ছে। পাশাপাশি শিলিগুড়ি ও আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেটেও যথাক্রমে ৪৪ এবং ১২৫ কোম্পানি বাহিনী মোতায়েন করা হবে।

নির্দেশিকায় বলা হয়েছে, প্রতিটি জেলায় নির্দিষ্ট পরিমাণ বাহিনী পাঠাতে হবে এবং এক্ষেত্রে কোনোরকম ঘাটতি বরদাস্ত করা হবেনা। বাহিনী পাঠানোর কাজে সমন্বয় বজায় রাখতে, একক ডেসপ্যাচ পয়েন্ট ব্যবহার করতে বলা হয়েছে।

**উল্লেখ্য, প্রথম দফায় ১৬ টি জেলার ১৫২ টি আসনে আগামী ২৩শে এপ্রিল ভোট নেওয়া হবে।**

-----------------------

বিজেপি নেত্রী, কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ রাজ্যে আসছেন।

হুগলীর শ্রীরামপুরে স্থানীয় তাঁতিদের সঙ্গে বৈঠকের পর পূর্ব বর্ধমানের কালনায় তাঁতিদের হাতে 'উইভার্স কার্ড' ও বিশেষ সহায়তা তুলে দেবেন তিনি।

-----------------------

সুপ্রিম কোর্টে রাজ্য সরকারি কর্মীদের ডিএ মামলার শুনানি ৬ই মে পর্যন্ত পিছিয়ে গেছে। আজ এ সংক্রান্ত শুনানির সময়ে বকেয়া ডিএ প্রদানের বিষয়ে বিচারপতি সঞ্জয় কারোল এবং বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রের বেঞ্চে হলফনামা জমা দেয় রাজ্য সরকার। রিপোর্ট নিয়ে আপত্তি থাকলে মামলার সঙ্গে যুক্ত পক্ষরা তাদের বক্তব্য জানাতে পারবেন বলে সুপ্রিম কোর্ট মত প্রকাশ করেছে। এরপরই মামলার পরবর্তী শুনানি ভোটের পর ৬ই মে পিছিয়ে দেওয়া হয়েছে।

-----------------------

গঙ্গাসাগর মেলা অফিস প্রাঙ্গনে রাখা সরকারি বেশ কয়েকটি গাড়িতে আজ হঠাৎই আগুন ধরে গেলে ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। স্থানীয় বাসিন্দা এবং কর্মীরা কয়েকটি গাড়ি থেকে ধোঁয়া বেরোতে দেখেন। মুহূর্তের মধ্যে একাধিক গাড়িতে আগুন ছড়িয়ে পড়ে। গঙ্গাসাগর কোস্টাল থানার পুলিশ এবং দমকলের একটি ইঞ্জিন দ্রুত ঘটনাস্থলে পৌঁছয়। যুদ্ধকানীল তৎপরতায় বেশ কিছুক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে এলেও গাড়িগুলি ক্ষতিগ্রস্ত। গুরুত্বপূর্ণ প্রশাসনিক এলাকায় এই ধরনের অগ্নিকান্ডে নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠেছে।

-----------------------

বৈশাখের শুরুতে দক্ষিণবঙ্গের সর্বত্রই গরম ও অস্বস্তিকর পরিস্থিতি থাকবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। আগামীকাল পর্যন্ত দিনের তাপমাত্রা কোথাও কোথাও আরও দুই ডিগ্রি বাড়তে পারে।

পুরুলিয়া, বাঁকুড়া ঝাড়গ্রাম, পূর্ব মেদিনীপুর ও পশ্চিম বর্ধমান জেলায় আজ বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, কালিম্পং ও আলিপুরদুয়ার জেলায় বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি ঝড়-বৃষ্টির পূর্বাভাস।

আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৬ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস- স্বাভাবিকের থেকে যা এক দশমিক তিন ডিগ্রি বেশি।

---------------------- ----------------------